



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd




সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৩

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৬৭ তম কমিশন সভা অদ্য ২৫/০৩/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'Joytun First Unit Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০.০০ কোটি টাকা যার মধ্যে উদ্যোক্তা হিসাবে জয়তুন এ্যাসেট ম্যানেজমেন্ট লি: ৩.০০ কোটি টাকা প্রদান করবে এবং বাকী ৭.০০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের মূল্য ১০.০০ টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসাবে জয়তুন এ্যাসেট ম্যানেজমেন্ট লি: এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসাবে কাজ করেছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড।
০২. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'LankBangla gratuity Wealth Builder Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০.০০ কোটি টাকা যার মধ্যে উদ্যোক্তা হিসাবে লংকা বাংলা ফাইন্যান্স লি: এমপ্লয়ীজ গ্রাচুইটি ফান্ড ট্রাস্ট ২.০০ কোটি টাকা প্রদান করবে এবং বাকী ৮.০০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের মূল্য ১০.০০ টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসাবে লংকা বাংলা এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও ট্রাস্টি হিসাবে বাংলাদেশ জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি: এবং কাস্টডিয়ান হিসাবে কাজ করেছে ব্র্যাংক ব্যাংক লিমিটেড।
০৩. কমিশন অদ্যকার সভায়, PLI Asset Management Ltd. এর আবেদন বিবেচনা করে তার অনুকূলে সম্পদ ব্যবস্থাপকের (Asset Management Ltd.) নিবন্ধন প্রদানের সম্মতি প্রদান করে।
০৪. কমিশন সভায়, SBK Tech Ventures Ltd. এর আবেদন বিবেচনা করে তার অনুকূলে তহবিল ব্যবস্থাপক (fund manager) এর নিবন্ধন প্রদানে সম্মতি জ্ঞাপন করে।
০৫. কমিশন অদ্যকার সভায়, Community Bank Investment Ltd. এর আবেদন বিবেচনা করে তার অনুকূলে Merchant Bank এর নিবন্ধন প্রদানে সম্মতি জ্ঞাপন করে।
০৬. কমিশন অদ্যকার সভায়, পুঁজিবাজারে নিযুক্ত বাজার মধ্যস্থতাকারী বিভিন্ন প্রতিষ্ঠান (স্টক-ব্রোকার, স্টক-ডিলার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি) কর্তৃক বিনিয়োগকারীর স্বার্থ সুরক্ষা ও পুঁজিবাজার উন্নয়নে তাদের বিগত ০১ (এক) বছরের দায়িত্ব ও কর্তব্য পর্যালোচনাপূর্বক শ্রেণীভিত্তিক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় প্রতিষ্ঠানকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক সম্মাননা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


25-03-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”